# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭০২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১১০. যে জিনিস সালাতকে নষ্ট করে দেয়

باب مَا يَقْطَعُ الصَّلاَةَ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ مُطَهَّرٍ، وَابْنُ، كَثِيرٍ ـ الْمَعْنَى ـ أَنَّ سُلَيْمَانَ بْنَ الْمُغِيرَةِ، أَخْبَرَهُمْ عَنْ حُمَيْدِ بْنِ هِلاَلٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ الصَّامِتِ، عَنْ أَبِي ذَرٍّ، ـ قَالَ حَفْصٌ ـ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم وَقَالاَ عَنْ سُلَيْمَانَ قَالَ أَبُو ذَرٍّ " يَقْطَعُ صَلاَةَ الرَّجُلِ ـ إِذَا لَمْ يَكُنْ بَيْنَ يَدَيْهِ قِيدُ آخِرَةِ الرَّحْلِ الْحِمَارُ وَالْكَلْبُ الأَسْوَدُ وَالْمَرْأَةُ " . فَقُلْتُ مَا بَالُ الأَسْوَدِ مِنَ الأَحْمَرِ مِنَ الأَصْفَرِ مِنَ الأَبْيَضِ فَقَالَ يَا ابْنَ أَخِي سَأَلْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم كَمَا سَأَلْتَنِي فَقَالَ " الْكَلْبُ الأَسْوَدُ شَيْطَانٌ " .

ـ صحيح : م

বাংলা

৭০২। আবূ যার (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাত আদায়কারী ব্যক্তির সম্মুখে উটের পিঠের হাওদার পিছনের লাকড়ি পরিমাণ কিছু না থাকলে তার সামনে দিয়ে গাধা, কালো কুকুর অথবা মহিলা অতিক্রম করলে তার সালাত নষ্ট হয়ে যাবে। আমি বললাম, লাল, হলুদ কিংবা সাদা রংয়ের কুকুরের তুলনায় কালো কুকুরের কি এমন বিশেষত্ব? তিনি বললেন, হে ভ্রাতুষ্পুত্র! তুমি যেরূপ আমাকে জিজ্ঞেস করলে আমিও সেরূপ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করেছিলাম। তিনি বলেছিলেনঃ কালো কুকুর হলো একটা শয়তান।[1]

সহীহ : মুসলিম।

## English

Hafs reported that the Messenger of Allah(ﷺ) as saying, and the other version of this tradition transmitted through a different chain has:
Abu Dharr said (and not the Prophet): If there is not anything like the back of a saddle in front of a man who is praying, then a donkey, a black dog, and a woman cut off his prayer. I asked him: Why has the black dog been specified, distinguishing it from a red, a yellow and a white dog? He replied: My nephew, I also asked the Messenger of Allah(ﷺ) the same question as you asked me. He said: The black dog is a devil.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুসল্লীর সুতরাহর পরিমাণ), তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ কুকুর, গাধা ও মহিলা ব্যতীত কোনো কিছুতে সালাত কাটে না, হাঃ ৩৩৮), নাসায়ী (অধ্যায়ঃ ক্বিবলাহ, অনুঃ কিসে সালাত নষ্ট হয় এবং কিসে হয় না, হাঃ ৭৪৯), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ যা সালাত নষ্ট করে দেয়, হাঃ ৯৫২), আহমাদ (৫/১৪৯), সকলে হুমাইদ ইবনু হিলাল সূত্রে।

-

এক নজরে সালাত বিনষ্টের কারণসমূহঃ

বিভিন্ন হাদীস থেকে জানা যায় কয়েকটি কারণে সালাত বিনষ্ট হয়। যথাঃ

(১) সালাতরত অবস্থায় ইচ্ছাকৃতভাবে কিছু খাওয়া বা পান করা।

(২) সালাতের স্বার্থ ব্যতীরেকে অন্য কারণে ইচ্ছাকৃতভাবে কথা বলা।

(৩) ইচ্ছাকৃতভাবে বাহুল্য কাজ বা ‘আমলে কাসীর’ করা। যা দেখে মনে হয় যে, সে সালাতের মধ্যে নেই।

(৪) ইচ্ছাকৃত বা বিনা কারণে সালাতের কোনো রুকন বা শর্ত পরিত্যাগ করা।

(৫) সালাতের মধ্যে অধিক হাসা। (দেখুন, ফিক্বহুস সুন্নাহ ১, ২০৩-২০৫, সালাতুর রাসূল, ২৭ পৃঃ)।

নাসায়ী (অধ্যায়ঃ ক্বিবলাহ, অনুঃ কিসে সালাত নষ্ট হয় এবং কিসে হয় না, হাঃ ৭৫০), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ যা সালাত নষ্ট করে দেয়, হাঃ ৯৪৯), আহমাদ (১/৩৪৭), সকলে ইয়াহইয়া ইবনু সাঈদ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58020

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন